

7876 - খ্রিস্টানদের উৎসব উপলক্ষে প্রস্তুতকৃত খাবার খাওয়া

প্রশ্ন

খ্রিস্টানদের উৎসব উপলক্ষে যে খাবার প্রস্তুত করা হয় সেটা খাওয়ার হুকুম কী? যীশু খ্রিস্টের জন্মদিবস উদযাপন অনুষ্ঠানের দাওয়াত গ্রহণ করার বিধান কী?

প্রিয় উত্তর

বিদাতী উৎসবগুলো উদযাপন করা জায়েয নয়; যেমন- খ্রিস্টমাস (বড়দিন), নওরোজ, মেহেরজান। অনুরূপভাবে মুসলমানেরা নতুন নতুন যে সব দিবস উদযাপন করা চালু করেছে; যেমন- রবিউল আউয়াল মাসে মিলাদ পালন করা, রজব মাসে মিরাজ দিবস পালন করা ইত্যাদি। অনুরূপভাবে খ্রিস্টানেরা কিংবা মুশরিকেরা তাদের উৎসব উপলক্ষে যে খাবার প্রস্তুত করে সেটা খাওয়া জায়েয নয়, এসব দিবস উদযাপনকে কেন্দ্র করে তারা দাওয়াত দিলে সে দাওয়াত গ্রহণ করাও জায়েয নয়। কেননা তাদের দাওয়াত গ্রহণ করার অর্থ হল হলো- এ ক্ষেত্রে তাদেরকে উৎসাহিত করা এবং এ বিদাতগুলো পালনে তাদেরকে স্বীকৃতি দেয়া। এর মাধ্যমে অজ্ঞ লোকেরা প্রবঞ্চিত হবে এবং তারা মনে করবে এতে কোন অসুবিধা নেই।

আল্লাহ্ই সর্বজ্ঞ।